

তারাকান্দায় প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণে অনিয়মের অভিযোগ

। ঢাকা, রোববার, ১০ নভেম্বর ২০১৯

ময়মনসিংহের তারাকান্দায় ‘ডিপ্লোমা ইন-প্রাইমারি অ্যাডুকেশন কোর্স’ প্রশিক্ষণ গ্রহণে তালিকা নিয়ে বিতর্ক উঠেছে। জৈষ্ঠ্যতার ভিত্তিতে তালিকা প্রেরণের নির্দেশটি কার্যকর করা হয়নি বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ময়মনসিংহের গত ১৬ অক্টোবার এক স্মারকে প্রশিক্ষণ বিহীন শিক্ষক শিক্ষকাকে জ্ঞানযুারি ২০২০ থেকে ২০২১ সালের জুন পর্যন্ত ১৮ মাসব্যাপ্তি ‘ডিপ্লোমা ইন-প্রাইমারি অ্যাডুকেশন কোর্স’ ময়মনসিংহ পিটিআইতে প্রশিক্ষণ গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নিলুফার হাকিম তার কাষালয় থেকে গত ৩০ ও ৩১ অক্টোবর পৃথক পৃথক স্মারকে দু-দফায় ১৪ জন করে ২৮ জনের দুটি তালিকা প্রেরণ করেছেন। এ নিয়ে উপজেলাজুড়ে শিক্ষকদের মধ্যে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে। পরিচয় প্রকাশ না করার শতে শিক্ষকরা জানান, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নিয়ম অনুসরণ না করে সিংহভাগ জুনিয়রদের নামের তালিকা প্রেরণ কুরেছেন। এ ঘটনায় নিয়ে শিক্ষকদের মধ্যে তীব্র অসন্তোষ ও বিতর্কের ঝড় উঠেছে। এ নিয়ে প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে

কথা হলে তান আৰুভয়োগেৱ সত্যতা স্বাকৃতি
কৱেননি। ভুক্তভোগী শিক্ষকৱা অভিযোগটি
তদন্তেৱ দাবি জানিয়েছেন।